# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ৩৭/০৭-৩২৬৭৪ তারিখ: ২৮.০১.২০২৬

## ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন **১৮/০১/২০২৬ থেকে ১৯/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।**

**ভর্তির যোগ্যতা:** ক) বাংলাদেশের স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২৩ সাল বা তৎপূর্বে এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং তৎসংশ্লিষ্ট এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচএসসি সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১) এইচএসসি (ভোকেশনাল) ২) ডিপ্লোমা-ইন-কমার্স ৩) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

**আবেদন প্রক্রিয়া:** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Degree Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে Blank Data Entry Form (Private Certificate Course) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। Blank Data Entry Form এর মাধ্যমে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য কোর্স/বিষয়ের তালিকা দেখতে পাবে। এ সকল কোর্স/বিষয়ের তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত কোর্স/বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে। অত:পর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximun file size : 50Kb. দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে।

**বিস্তারিত জানা যাবে:** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiamohilacollege.edu.bd).

কলেজে উপস্থিত হয়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

**লালমাটিয়া সরকারি মহিলা কলেজের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সসমূহ** ঃ ১। বিএ ২। বিএসএস ৩। বিবিএস

**ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :**

(ক) এসএসসি ও এইচএসসি এর রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।

(খ) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট ও ১ (এক) স্ট্যাম্প কপি সাইজের রঙীন ছবি।

(গ) অনলাইন প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।

২৮/০১/২০২৬

প্রফেসর মুহাম্মদ নাজমুল হক

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ৩/০৭ - ৩২৬৭৪ তারিখ: ২৮.০১.২০২৬

**২০২৫ সালে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে শিক্ষার্থীদেরকে ভর্তির সময় পরিশোধ করতে হবে (জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফিসহ):**

| ক্রমিক নং | খাতের নাম | বিএ/বিএসএস/বিবিএস |
|---|---|---|
| ১. | ভর্তি ফি | ২৫/- |
| ২. | বিশ্ববিদ্যালয় ফি (রেজিস্ট্রেশন ফি-৬৫০/-, ক্রীড়া ও সংস্কৃতি-৫০/-, বিএসিসি-১০/-, রোভার স্কাউট-১০/-) | ৭২০/- |
| ৩. | ধর্মীয় অনুষ্ঠান ফি | ৩০/- |
| ৪. | সাহিত্য, সংস্কৃতি, বির্তক প্রতিযোগিতা এবং দিবস উদযাপন ফি | ৫০/- |
| ৫. | ক্রীড়া | ৫০/- |
| ৬. | কমনরুম | ৪০/- |
| ৭. | ম্যাগাজিন ফি | ৩০/- |
| ৮. | রোভার স্কাউট ফি (কলেজ) | ১৬/- |
| ৯. | রেঞ্জার ফি (কলেজ) | ৪০/- |
| ১০. | বিএনসিসি | ৬০/- |
| ১১. | রেড ক্রিসেন্ট ফি | ২০/- |
| ১২. | পরিচয় পত্র ফি | ৫০/- |
| ১৩. | উন্নয়ন তহবিল ফি | ১০০/- |
| ১৪. | লাইব্রেরী ফি | ২৫/- |
| ১৫. | ধর্মীয় প্রতিষ্ঠান ফি | ৫০/- |
| ১৬. | অধিভুক্তি ফি | ৫০/- |
| ১৭. | কল্যাণ তহবিল/দরিদ্র তহবিল ফি | ২৫/- |
| ১৮. | চিকিৎসা ফি | ২০/- |
| ১৯. | বিবিধ | ১০০/- |
| ২০. | বিজ্ঞান ক্লাব ফি | ২৫/- |
| ২১. | ব্যবস্থাপনা ফি | ৫০/- |
| ২২. | ডিজিটাল কার্যক্রম | ৪০০/- |
| ২৩. | ইউটিলিটি ফি | ২০০/- |
| ২৪. | নিরাপত্তা/নৈশপ্রহরী/পরিচ্ছন্নতা কর্মী/অত্যাবশ্যকীয় কর্মচারী | ২০০০/- |
| ২৫. | ইনকোর্স পরীক্ষা ফি -২টি | ৭০০/- |
| ২৬. | প্রাথমিক আবেদন ফি (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত) | ৪০০/- |
| | মোট | ৫২৭৬/- |

২৮/০১/২০২৬

প্রফেসর মুহাম্মদ নাজমুল হক
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ